85

আজকের কাগজ

তারিখ 05 MAR 1993
পৃষ্ঠা ১ কলাম ২

# বর্তমান সরকার শিক্ষার উপযুক্ত পরিবেশ প্রতিষ্ঠায় বদ্ধপরিকর
## —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার ছাত্রদেরকে সমাজের মূল্যবান ও যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে শিক্ষাঙ্গনে শিক্ষার যোগ্য পরিবেশ প্রতিষ্ঠা করতে বদ্ধপরিকর।

শিক্ষামন্ত্রী গতকাল সিলেটে শাহ্জালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সদরুদ্দিন আহমেদ চৌধুরীর সভাপতিত্বে এ অনুষ্ঠানে অধ্যাপক অরুণ কুমার বসাক ও ছাত্র সংসদের সাধারণ সম্পাদক হারুন-অর-রশীদ বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, সরকার শিক্ষা ব্যবস্থাকে উৎপাদনমুখী করে তোলার লক্ষ্যে বিজ্ঞানভিত্তিক ও বৃত্তিমূলক শিক্ষার প্রতি যথাযথ গুরুত্ব দিয়েছে। তিনি বলেন, সরকার শাহ্জালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে একটি আধুনিক ও উন্নত বিশ্ববিদ্যালয়ে পরিণত করার পদক্ষেপ নিচ্ছে। শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ নেয়া হয়েছে এবং তাতে বেশ সুফল পাওয়া যাচ্ছে।

এর আগে মন্ত্রী নবনির্মিত গ্রন্থাগার ভবনের ফলক উন্মোচন করেন। খবর তথ্য বিবরণীর।